দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৯/২০১৬ তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর গণ বিজ্ঞপ্তি নং-০৪, তারিখ - ২৫/০৯/২০১৬ খ্রিঃ এর সিএন্ডএফ এজেন্টস্ লাইসেন্স নবায়নের জন্য প্রযোজ্য অংশ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

প্রসঙ্গত উলেখ্য,

**এসোসিয়েশনের প্রধান দপ্তরে সদস্যপদ নবায়ন করা হচ্ছে।**

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

গণ বিজ্ঞপ্তি নং - ০৪ তারিখ ঃ ২৫/০৯/২০১৬ খ্রিঃ

এতদ্বারা সংশিষ্ট সকল এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা ২০১৬ অনুসরণে অনুমোদনকৃত যে সকল লাইসেন্সের মেয়াদ পূর্বের বিধিমালা মোতাবেক ০৪ (চার) বৎসর উত্তীর্ণ হবে/হচ্ছে এবং যে সকল লাইসেন্স আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে, সে সকল সিএন্ডএফ এজেন্ট, রেফারেন্স সিএন্ডএফ এজেন্ট, সেল্ফ ক্লিয়ারিং এজেন্ট এবং শিপিং এজেন্টদেরকে বর্তমান বিধিমালা মোতাবেক আগামী ০৫ (পাঁচ) বৎসর মেয়াদে নবায়নের নিমিত্তে ২৩/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অর্থাৎ ৪৫ (পঁয়তালিশ) কার্যদিবস পূর্বে নিম্নে বর্ণিত তথ্য-উপাত্ত ও দলিলপত্রসহ নবায়নের আবেদন লাইসেন্স শাখায় দাখিল করতে অনুরোধ করা হলোঃ

**ক. সিএন্ডএফ এজেন্ট এবং কাস্টম সরকার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ঃ**

| | |
|---|---|
| ০১ | লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে মূল এজেন্সী লাইসেন্স বুকলেট সংযুক্ত করতে হবে ; |
| ০২ | লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে নবায়ন ফি বাবদ টাঃ ১০,০০০/- (দশ হাজার) মাত্র টি, আর, চালানের মাধ্যমে পরিশোধ করে টি, আর, চালানের মূল কপি সংযুক্ত করতে হবে ; |
| ০৩ | নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের টি, আর, চালানের কপি দাখিল করতে হবে ; |
| ০৪ | সংযুক্ত তালিকার ছক অনুযায়ী পূর্বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি দাখিল করতে হবে ; |
| ০৫ | সিএন্ডএফ, রেফারেন্স সিএন্ডএফ এবং সেল্ফ ক্লিয়ারিং এজেন্ট এর কার্যসম্পাদনের বৈধতা যাচাইয়ের জন্য অনুচ্ছেদ 'ক' এর উপ-অনুচ্ছেদ-৪ এ উলিখিত সময় পর্যন্ত যে সমস্ত মালামাল খালাস ও জাহাজীকরণ করা হয়েছে, ক্রম তারিখ অনুযায়ী সে সমস্ত বি/ই এবং শিপিং বিলের অফিস কপি দাখিল করতে হবে ; |
| ০৬ | আবেদন পত্রের সাথে হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি ও ০১ (এক) বৎসরের ঘরভাড়ার রশিদ (রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত) এবং উক্ত ঘরভাড়ার উপর (০১ বৎসরের) প্রদেয় ০৯% ভ্যাট পরিশোধের টি, আর, চালানের ফটোকপি সংযুক্ত করতে হবে ; |
| ০৭ | চট্টগ্রামস্থ অফিস ঠিকানা প্রদর্শিত ব্যবসার প্রকৃতি উলেখ পূর্বক মূসক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে (সিএন্ডএফ লাইসেন্স হলে সিএন্ডএফ এবং শিপিং লাইসেন্স হলে শিপিং উলেখ করতে হবে) ; |
| ০৮ | নবায়নের আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি প্রদান করতে হবে ; |
| ০৯ | নবায়নের আবেদন পত্রের সাথে নবায়নের পূর্ববর্তী আর্থিক বৎসরের হাল-নাগাদ আয়কর পরিশোধ সম্পর্কিত সনদের সত্যায়িত কপি অথবা পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে ; |
| ১০ | স্ব-স্ব দপ্তর সংশিষ্ট এসোসিয়েশনের হাল-নাগাদ সদস্যভূক্তির সনদপত্র; |
| ১১ | ০২ (দুই) কপি " প্রোফরমা ছক " সঠিকভাবে পূরণ করে দাখিল করতে হবে ; |
| ১২ | যে সমস্ত কাস্টমস্ সরকার লাইসেন্স/পারমিটের মেয়াদ ২০১৬ সনের ৩১শে ডিসেম্বর উত্তীর্ণ হবে কিংবা যে সকল লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হচ্ছে/হবে, সে সমস্ত কাষ্টমস্ সরকার/পারমিট নবায়নের জন্য টি, আর, চালানের মাধ্যমে নবায়ন ফি বাবদ টাকা ১০০/- (একশত) ও নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধ করে টি, আর, চালানের কপি এবং কাস্টমস্ সরকার লাইসেন্স সহ পৃথকভাবে আবেদন করতে হবে; এবং |
| ১৩ | কাস্টমস্ পারমিট নবায়নের আবেদন ডেপুটি/সহকারী কমিশনার ও সদস্য, লাইসেন্সিং অথরিটি বরাবরে কাস্টম হাউস এর লাইসেন্স শাখায় দাখিল করতে হবে ; |

**ঘ. শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স সিএন্ডএফ এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য ঃ**

| | |
|---|---|
| ০১ | কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ইস্যুকৃত মূল লাইসেন্স এর বিপরীতে যে সকল প্রতিষ্ঠানকে **শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স** লাইসেন্স অনুমোদন করা হয়েছে, সে সকল লাইসেন্স এর বিপরীতে অনুচ্ছেদ 'ক' এর উপানুচ্ছেদ-০১ এ বর্ণিত লাইসেন্স ফি টাঃ ১০,০০০/- (দশ হাজার) মাত্র ফি পরিশোধের টি, আর, চালান এবং নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের কপি দাখিল করতে হবে। |

স্বাক্ষরিত/-
**শওকত আলী সাদী**
অতিরিক্ত কমিশনার
ও
চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস, চট্টগ্রাম।

চলমান পৃঃ নং-০২

# " প্রোফরমা ছক "

০১। এজেন্টের লাইসেন্স নম্বর (এআইএন নং-
ও ইস্যুর তারিখ) ঃ

০২। লাইসেন্সের প্রকৃতি ঃ সিএন্ডএফ/রেফারেন্স সিএন্ডএফ/সেল্ফ ক্লিয়ারিং/শিপিং।

০৩। এজেন্টের নাম ও ঠিকানা, মূল মালিকের নাম,
পিতার নাম ও স্থায়ী ঠিকানা (অংশীদার/প্রাইভেট
লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সংশিষ্টদের নাম,
স্থায়ী ও বর্তমান ঠিকানা) ঃ

০৪। ল্যান্ড ফোন নাম্বার ও মোবাইল নাম্বার ঃ

০৫। প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষরক্ষমতা প্রাপ্ত ব্যক্তিবর্গের নাম,
পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা
(স্বাক্ষরক্ষমতার সময়সীমাসহ) ঃ

০৬। প্রতিষ্ঠানের কাস্টম সরকারদের নাম, পিতার নাম,
লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ এবং স্থায়ী ও বর্তমান
ঠিকানাসহ প্রক্সিমিটি আইডি কার্ড নম্বর ঃ

০৭। বর্তমানে লাইসেন্স নবায়ন আছে কিনা- না থাকলে
কি কারণে লাইসেন্স নবায়িত নেই। ঃ

০৮। সর্বমোট জাহাজ খালাস ও বোঝাই (শিপিং লাইসেন্স) ঃ

০৯। সর্বমোট বি/ই ও শিপিং বিল এর সংখ্যা ঃ

১০। সর্বমোট পণ্যের মূল্য (ক) আমদানী চালান ঃ টাঃ
" " (খ) রপ্তানী চালান ঃ টাঃ

১১। সর্বমোট আমদানী শুল্ক প্রদান ঃ টাঃ

১২। সর্বমোট ভ্যাট প্রদান ঃ টাঃ

১৩। সর্বমোট অগ্রীম আয়কর প্রদান ঃ টাঃ

১৪। সর্বমোট অবকাঠামো উন্নয়ন কর প্রদান ঃ টাঃ

১৫। সর্বমোট লাইসেন্স ফি প্রদান ঃ টাঃ

১৬। সর্বমোট রাজস্ব প্রদান ঃ টাঃ

১৭। সর্বমোট সিএন্ডএফ কমিশন এর উপর ভ্যাট প্রদান ঃ টাঃ

১৮। প্রতিষ্ঠানের ঠিকানা এবং গঠনগত পরিবর্তন হয়ে থাকলে
তার বর্ণনা ঃ

১৯। কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০১৬ মোতাবেক লাইসেন্সিং
কর্তৃপক্ষের নিকট কোন কার্যক্রম আছে কিনা ঃ

নিবেদক
আপনারই বিশ্বস্ত,

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/৭৬-৯২(অংশ-৪)/৮০৪(১) তারিখ ঃ ২৫/০৯/২০১৬ খ্রিঃ।